

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুর রাসূল (ছাঃ) (্রুট্রিভার্নার নির্দার নির্দার আল-গালিব

ছালাতের বিবরণ (صفة الصلاة)

ছালাতের বিস্তারিত নিয়ম-কানূন বিভিন্ন হাদীছে বর্ণিত হয়েছে। তবে নিম্নের হাদীছটিতে অধিকাংশ বিধান একত্রে পাওয়া যায় বিধায় আমরা এটিকে অনুবাদ করে দিলাম।

'হযরত আবু হুমায়েদ সা'এদী (রাঃ) একদিন দশজন ছাহাবীকে বললেন, আমি রাসূল (ছাঃ)-এর ছালাত সম্পর্কে আপনাদের চাইতে অধিক অবগত। তাঁরা বললেন, তাহ'লে বলুন। তখন তিনি বলতে শুরু করলেন যে, রাসূলুল্লাহ (ছাঃ) যখন ছালাতে দাঁড়াতেন, তখন

- (১) দুই হাত কাঁধ বরাবর উঠিয়ে তাকবীর বলতেন। অতঃপর ক্রিরাআত করতেন। অতঃপর তাকবীর দিয়ে
- (২) দু'হাত কাঁধ বরাবর উঠিয়ে রুকুতে যেতেন। এসময় দু'হাত হাঁটুর উপর রাখতেন এবং মাথা ও পিঠ সোজা রাখতেন। অতঃপর সামি'আল্লা-হু লেমান হামিদাহ বলে রুকু থেকে উঠে সোজা হয়ে দাঁড়াবার সময়
- (৩) দু'হাত কাঁধ বরাবর উঠাতেন। অতঃপর তাকবীর দিয়ে সিজদায় গিয়ে দু'হাত দু'পাঁজর থেকে ফাঁক রাখতেন এবং দু'পায়ের আঙ্গুলগুলি খোলা রাখতেন ('ক্বিলার দিকে মুড়ে রাখতেন' -বুখারী হা/৮২৮; ঐ, মিশকাত হা/৭৯২)।

অতঃপর উঠতেন ও বাম পায়ের পাতার উপর সোজা হয়ে বসতেন, যতক্ষণ না প্রত্যেক হাড় স্ব স্থানে ঠিকমত বসে যায়। অতঃপর দাঁড়াতেন। অতঃপর দ্বিতীয় রাক'আতেও এরপ করতেন। অতঃপর যখন দ্বিতীয় রাক'আত শেষে (তৃতীয় রাক'আতের জন্য) উঠতেন, তখন তাকবীর দিয়ে দাঁড়িয়ে (৪) দু'হাত কাঁধ বরাবর এমনভাবে উঠাতেন, যেমনভাবে তাকবীরে তাহরীমার সময় উঠিয়েছিলেন। এভাবে তিনি অবশিষ্ট ছালাতে করতেন। অবশেষে যখন শেষ সিজদায় পৌঁছতেন, যার পরে সালাম ফিরাতে হয়, তখন বাম পা ডান দিকে বাড়িয়ে দিতেন ও বাম নিতম্বের উপর বসতেন (قَعَدَ مُتُورِّكًا) অতঃপর সালাম ফিরাতেন'। এ বর্ণনা শোনার পর উপস্থিত দশজন ছাহাবীর সকলে বলে উঠলেন 'ছাদাক্বতা' (مَكَذَفْتَ), 'আপনি সত্য বলেছেন'। এভাবেই রাস্লুল্লাহ (ছাঃ) ছালাত আদায় করতেন'।[1]

এক্ষণে ছালাতের বিশেষ মাসআলাগুলি পৃথক পৃথকভাবে নিম্নে আলোচিত হলঃ

ফুটনোট

[1] . আবুদাঊদ হা/৭৩০ 'হাদীছ ছহীহ'; দারেমী, তিরমিয়ী, ইবনু মাজাহ প্রভৃতি; ঐ, মিশকাত হা/৮০১ 'ছালাত' অধ্যায়-৪ 'ছালাতের বিবরণ' অনুচ্ছেদ-১০; বঙ্গানুবাদ মেশকাত শরীফ (ঢাকা : এমদাদিয়া লাইব্রেরী, ৫ম মুদ্রণ ১৯৮৭) হা/৭৪৫ (১২), ১/৩৪০ পৃঃ।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=9195

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন